# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 12 April, 2025

জাতীয় নাগরিক পার্টির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, ছাত্রদের আন্দোলন দেশের শিক্ষার পরিবেশে কিছুটা বিঘ্ন ঘটালেও এটি কোনোভাবেই ধ্বংস নয়।এটি ছিল একটি বিশাল ত্যাগ।এই ত্যাগ শুধু তাদের নয়, বরং সমগ্র বাংলাদেশের।

শনিবার (১২ এপ্রিল) দুপুরে পঞ্চগড় জেলা প্রশাসন ইকো পার্কে আয়োজিত মাশরুম ও মুক্তা চাষ প্রকল্পের দুই দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

সারজিস আলম বলেন, গণতান্ত্রিক ধারার উন্নয়নে যে রাজনৈতিক দলই ক্ষমতায় আসুক না কেন, যেসব ছাত্ররা সাম্প্রতিক গণঅভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছে, তাদের প্রতি শ্রদ্ধা জানানো সকল রাজনৈতিক দলের নৈতিক দায়িত্ব।

ভারতের ট্রান্সশিপমেন্ট চুক্তি বাতিল প্রসঙ্গে তিনি বলেন, বাংলাদেশ ও ভারত পারস্পরিক প্রতিবেশী রাষ্ট্র।মুখোমুখি অবস্থানে দাঁড়ানো এই দুই দেশের জন্য শুভ হবে না।ভারতের দৃষ্টিভঙ্গিই নির্ধারণ করবে এই সম্পর্কের ভবিষ্যৎ।তবে বাংলাদেশ কোনো অন্যায় বা অযৌক্তিক বঞ্চনার মুখে বিকল্প পথ খুঁজে নিতে সক্ষম।

সারজিস আলম বলেন, বিশ্ব এখন উন্মুক্ত।বাংলাদেশ চাইলে বিশ্বের অন্য দেশের সঙ্গে ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক বজায় রেখে বাণিজ্যিক সুবিধা অর্জন করতে পারে।আমরা আশা করি ভারত একটি রাজনৈতিক দল নয়, বরং একটি রাষ্ট্র হিসেবে আচরণ করবে এবং সেই দৃষ্টিকোণ থেকেই বাংলাদেশকে সম্মান ও গুরুত্ব দেবে।

সম্প্রতি বিএনপি নেতা শামসুজ্জামান দুদুর এক মন্তব্যের প্রতিক্রিয়ায় তিনি বলেন, সেটি সম্পূর্ণরূপে তার ব্যক্তিগত মতামত।রাজনৈতিকভাবে তারা আমাদের সিনিয়র, তাদের কাছ থেকে আমরা শিখি।কিন্তু রাজনৈতিক প্রতিহিংসা বা অবমাননাকর বক্তব্য রাজনীতির সৌহার্দ্য নষ্ট করে। শেখ হাসিনা ও খালেদা জিয়াকে নিয়ে অতীতে যেভাবে কথা বলা হয়েছে, তেমন ভাষা বা মনোভাব আমরা আর দেখতে চাই না।

এর আগে জেলার সদর উপজেলার ধাক্কামারা ইউনিয়নের মীরগড় এলাকায় জেলা প্রশাসন ইকো পার্ক ম্যানেজমেন্ট কমিটির ব্যবস্থাপনায় ও জেলা প্রশাসনের আয়োজনে ইকোপার্ক চত্বরে দুই দিনব্যাপী মাশরুম ও মুক্তা চাষে প্রশিক্ষণ কর্মশালায় অতিথি হিসেবে যোগ দেন সারজিস।

এ সময় তিনি বলেন, দেশের বিভিন্ন জেলায় মাশরুম ও মুক্তার চাষ সল্প পরিসরে হলেও বৃহৎ আকারে নেই।সে হিসেবে পঞ্চগড় মাশরুম ও মুক্তা চাষের ব্রান্ডিং জেলা হতে পারে।

সারজিস বলেন, এখন অনেক মায়েরাই আর স্বামীর ওপর নির্ভর হতে চান না।তারা নিজেরাই স্বাবলম্বী হতে চান।দেশে এখন অনেক তরুণ উদ্যোক্তা তৈরি হচ্ছে।

জেলা প্রশাসক সাবেত আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির পল্লী উন্নয়ন বিষয়ক সম্পাদক ও জেলা বিএনপির সদস্য সচিব ফরহাদ হোসেন আজাদ, জেলা বিএনপির আহ্বায়ক জাহিরুল ইসলাম কাচ্চু, জেলা জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক ইকবাল হোসাইন, মুক্তা চাষ কর্মশালার প্রশিক্ষক ড. নজরুল ইসলাম, পঞ্চগড় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জাকির হোসেন, পঞ্চগড় জজ কোর্টের পিপি আদম সুফী প্রমুখ বক্তব্য দেন।

সারজিস আলম জাতীয় নাগরিক পার্টি গণঅভ্যুত্থান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:22

URL: https://www.timestodaybd.com/rangpur/670775807